# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৪৩

তারিখঃ ১২ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭০৮ তম কমিশন সভা অদ্য ২৭/১১/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর ৬০০ (ছয়শত) কোটি টাকার Mudaraba Redeemable Non-Convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে non-convertible, fully redeemable, floating rate, unsecured, unlisted subordinated bond। বন্ডটি ০৭ বছরে পূর্ন অবসায়ন হবে যা বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানী, বিদেশী উন্নয়ন সহযোগী আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেট প্রতিষ্ঠান এবং উচ্চ সম্পদশালী বিনিয়োগকারীসহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, Tier-II capital base strengthen করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং ম্যানডেটেড লিড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ এবং স্ট্যান্ডার্ড চাটার্ড ব্যাংক কাজ করছে।

২. পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড এর ২৫,১৮,১৪,০০০ টি সাধারণ শেয়ার কোম্পানির বিদ্যমান শেয়ারহোল্ডার বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড -কে ইস্যুর মাধ্যমে টাকা ২৫১,৮১,৪০,০০০/- (দুইশত একান্ন কোটি একাশি লক্ষ চল্লিশ হাজার) পরিশোধিত মুলধন বৃদ্ধির প্রস্তাব কমিশন আজকের সভায় অনুমোদন করেছে। উল্লেখ্য, উপরিল্লিখিত সাধারণ শেয়ার উক্ত কোম্পানিতে বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড এর বিদ্যমান বিনিয়োগের (Investment of BPDB as Deposit for shares) বিপরীতে Vendor's Agreement এর মাধ্যমে নগদ ব্যতীত অন্য প্রতিদানের বিপরীতে (Other than cash consideration) ইস্যুর অনুমোদন প্রদান করা হয়েছে। আরও উল্লেখ্য, বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড কোম্পানিটির সাথে স্বাক্ষরিত 5th Vendor's Agreement এবং 6th Vendor's Agreement এর মাধ্যমে ২০০২ ও ২০০৭ সালে যথাক্রমে টাকা ১৭,১৭,৪০,০০০/- ও টাকা ২৩৪,৬৪,০০,০০০/- অর্থাৎ মোট টাকা ২৫১,৮১,৪০,০০০/- সমপরিমান Electricity Transmission Line, Rehabilitation, Renovation & Augmentation of Grid Substation, Vehicle & other Transmission Infrastructure Assets PGCB তে BPDB কর্তৃক Transfer করে যা কোম্পানীটি এখন শেয়ার ইস্যুর মাধ্যমে মুলধনে রুপান্তরিত করবে। উপরিল্লিখিত ২৫,১৮,১৪,০০০ টি সাধারন শেয়ার স্ট্রাটেজিক বিনিয়োগ (Strategic Investment) হিসেবে লক-ইন অবস্থায় থাকবে যা কমিশনের পূর্বানুমোদন ছাড়া বিক্রয় বা হস্তান্তরযোগ্য নয়।

৩. এছাড়াও, সভায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ রুলস, ১৯৮৭ এর সংশোধন পূর্বক প্রস্তাবিত সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ রুলস, ২০১৯ শিরোনামে প্রস্তুতকৃত খসড়া কতিপয় সংশোধন সাপেক্ষে কমিশন অনুমোদন করেছে যা জনমত জরিপ এর জন্য শীঘ্রই দৈনিক পত্রিকা ও কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

২৭/১১/২০১৯
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।